

তারিখ ১০.৮.১৯৯৭

পঠা ৩ কলাম ৪

ক্ষেত্রিক ইনকিউবে

রাজশাহী বোর্ডের হটকারী ও অমানবিক সিদ্ধান্তে ক্ষেত্র

রাজশাহী অফিস ও রাজশাহী শিক্ষা বোর্ডের হাজার-হাজার পরীক্ষার্থীর উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল স্বীকৃতের হটকারী সিদ্ধান্তের প্রতিবাদে বিভিন্ন ছাত্র সংগঠন বিকুল হয়ে উঠেছে। প্রায় ২০ হাজার পরীক্ষার্থীর বিরুদ্ধে এই অমানবিক সিদ্ধান্তের প্রতিবাদে বাংলাদেশ ছাত্রমণ্ডী রাজশাহী জেলা শাখা আজ সকালে রাজশাহী শিক্ষা বোর্ড ঘেরাও কর্মসূচী পালন করবে। ছাত্রমণ্ডীর নেতৃত্বে এক বিবৃতিতে রাজশাহী শিক্ষা বোর্ডের এহেন সিদ্ধান্তের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে মনেছে, এর ফলে ১৮ হাজার ছাত্র-ছাত্রীকে

অনিচ্ছিত ভবিষ্যতের দিকে ঠেলে দেয়া হবে। ছাত্র-ছাত্রীদের নিয়ে এভাবে ছিনিয়নি খেলার কোন অধিকার বোর্ডকে দেয়া হয়নি। ছাত্রদল অপর এক বিবৃতিতে বলেছে, ১৮ হাজার ছাত্র-ছাত্রীর পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত বোর্ড কর্তৃপক্ষের স্বেচ্ছাচারিতা ও খামখেয়ালীপনার সামিল। মোটা অংকের অর্ধের বিনিময়ে বিভিন্নভাবে ক্ষেত্র পূরণ যারা করাছে তাদের চিহ্নিত করে দৃষ্টিত্তুলক শাস্তির দাবী জানানো হয়। বিবৃতিতে স্বাক্ষর করেন ছাত্রদল নেতৃ শফিকুল ইসলাম মিলন, ওয়ালিউল হক রান। শফিকুল ইসলাম শফিক প্রমুখ।

সমাজ চর্চার প্রতিক্রিয়া